# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 30-08-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ভুয়ো ও অবৈধ ভোটারের সংখ্যা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্যের ১০০টি বিধানসভা কেন্দ্রকে বিশেষভাবে চিহ্নিত করেছে।

২) শীর্ষ আদালতের নির্দেশে স্কুল সার্ভিস কমিশন আজ অযোগ্য চিহ্নিত শিক্ষক অশিক্ষক কর্মীদের তালিকা প্রকাশ করতে পারে বলে জানা গেছে।

৩) দেশের প্রকৃত মোট অভ্যন্তরীন উৎপাদন – রিয়েল জিডিপি ২০২৫-২৬ অর্থবর্ষের এপ্রিল থেকে জুন ত্রৈমাসিকে সাত দশমিক ৮ শতাংশ বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশে বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫) সংস্কারের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল সকাল থেকে রাত পর্যন্ত বন্ধ থাকছে।

৬) কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৫-২ গোলে পাঠচক্রকে আজ হারিয়ে দিয়েছে।

---

ভুয়ো ও অবৈধ ভোটারের সংখ্যা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্যের ১০০টি বিধানসভা কেন্দ্রকে বিশেষভাবে চিহ্নিত করেছে। রাজ্যের মোট ২৯৪টি আসনের

মধ্যে এই লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এই অঞ্চলগুলির বেশিরভাগই রাজ্যের সীমান্তবর্তী জেলাগুলিতে অবস্থিত। মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তরের প্রাথমিক সমীক্ষায় দেখা গিয়েছে যে দার্জিলিং, কালিম্পং, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর এবং কলকাতা শহরে এই ধরণের ভুয়ো ভোটারের সংখ্যা তুলনামূলকভাবে কম। তবে কোচবিহার, জলপাইগুড়ি, মালদা, উত্তর দিনাজপুর, মুর্শিদাবাদ, নদীয়া এবং দুই ২৪ পরগনা উভয় জেলাতেই প্রচুর সংখ্যক ভুয়ো ভোটারের সন্ধান মিলেছে। খুব বেশি পিছিয়ে নেই পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, হাওড়া এবং হুগলিও । সিইও অফিসের কর্মকর্তাদের মতে, অনেক মৃত বা স্থায়ীভাবে স্থানান্তরিত ভোটারের নাম এখনও তালিকায় রয়েছে। কিছু ক্ষেত্রে, দুটি ভিন্ন জেলার ভোটার তালিকায় একই ব্যক্তির নাম পাওয়া গিয়েছে। অস্তিত্বহীন ঠিকানায় ভোটার তালিকায় নাম যুক্ত হওয়ার প্রমাণ এর পাশাপাশি মিলেছে নকল ভোটার পরিচয়পত্রও।

---------------------

ভোটার তালিকায় নিবিড় সংশোধন SIR সঠিকভাবে ফলপ্রসূ করতে নির্বাচন কমিশনের পদক্ষেপ নেওয়া উচিত বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন,এই রাজ্যে পুলিশ বিএলওদের নিরাপত্তা দিতে না পারলে নির্বাচন কমিশনের কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা প্রয়োজন।

বাইট

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, নিউটাউনে একটি কেন্দ্রেই ৬৯জন মৃত ভোটারের নাম তালিকায় রয়েছে। তাই অবিলম্বে তালিকায় নিবিড় সংশোধন হওয়া প্রয়োজন।

---------------------

শীর্ষ আদালতের নির্দেশে স্কুল সার্ভিস কমিশন আজ অযোগ্য চিহ্নিত শিক্ষক অশিক্ষক কর্মীদের তালিকা প্রকাশ করতে পারে বলে সূত্রের খবর। অযোগ্যদের তালিকার পাশাপাশি কোনো অযোগ্য চাকরী প্রার্থী এবারের নিয়োগ পরীক্ষায় বসার জন্য আবেদন করে থাকলে তার তালিকাও প্রকাশ করা হবে বলে মনে করা হচ্ছে। বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি সতীশ চন্দ্র শর্মার শীর্ষ আদালতের বেঞ্চ অযোগ্যদের চাকরীর পরীক্ষায় বসার ব্যাপারে কড়া অবস্থান নিয়েছে। পাশাপাশি অযোগ্যদের তালিকা সাত দিনের মধ্যে প্রকাশ করারও নির্দেশ দেওয়া হয়েছে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

---------------------

নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত মুর্শিদাবাদের বড়ঞার তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহাকে ৬ দিনের ইডি হেফাজত শেষে আজ ফের ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে ১২ দিনের জেল হেফাজত হয়েছে। আদালতে যাওয়ার আগে বিধাননগর হাসপাতালে তাঁর স্বাস্থ্যপরীক্ষা করা হয়। বেআইনি আর্থিক লেনদেনের অভিযোগে গত সোমবার এনফোর্সমেন্ট নির্দেশালয় ED তাঁর বাড়িতে তল্লাশি চালায়। পরে তাঁকে গ্রেফতার করা হয়। বছর দেড়েক আগে একই মামলায় সিবিআইয়ের হাতে গ্রেফতার হন বিধায়ক। পরে তিনি জামিনে মুক্তি পান।

---------------------

অবৈধ অনলাইন বেটিং অ্যাপের প্রচারে যুক্ত থাকার জন্য টলিউডের নায়ক অঙ্কুশ হাজরাকে জিজ্ঞাসবাদের জন্য ডেকে পাঠিয়েছে এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি। অবৈধ অনলাইন বেটিং অ্যাপের প্রচারে সম্প্রতি ২৯ জনের বিরুদ্ধে মামলা রুজু করেছে ইডি। তালিকায় রয়েছেন বেশ কয়েকজন অভিনেতা।

---------------------

দেশের প্রকৃত মোট অভ্যন্তরীন উৎপাদন – রিয়েল জিডিপি ২০২৫-২৬ অর্থবর্ষের এপ্রিল থেকে জুন ত্রৈমাসিকে সাত দশমিক ৮ শতাংশ বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। ৫ টি ত্রৈমাসিকের মধ্যে এটিই সর্বাধিক। পরিসংখ্যান ও কর্মসূচী রূপায়ন মন্ত্রকের রিপোর্টে আরও জানা গেছে, নমিনাল জিডিপি বেড়েছে ৮ দশমিক ৮ শতাংশ।

আমেরিকার চাপানো শুল্ক ভারতের অর্থনীতিতে তেমন প্রভাব ফেলবে না বলে মনে করেন। ইইপিসি-র নীতি নির্দেশক সৈকত দত্ত।

বাইট

---------------------

প্রধানমন্ত্রী সম্পর্কে কংগ্রেসের কুরুচিকর মন্তব্যের প্রতিবাদে আজ বিজেপির পক্ষ থেকে ধর্মতলার ডোরিনা ক্রসিং –এ বিক্ষোভ দেখানো হয়।

এদিকে, গতকাল কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়- বিধান ভবনে ভাঙচুর ও বিক্ষোভের অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বিহারের দ্বারভাঙ্গায় কংগ্রেসের ভোটাধিকার যাত্রার প্রকাশ্য মঞ্চ থেকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও তাঁর মা-কে নিয়ে অশালীন মন্তব্যের পর গতকালই বিজেপির একদল নেতাকর্মী বিধান ভবনে বিক্ষোভ দেখান।

এই ঘটনার প্রতিবাদে আজ ফের পথে নামে কংগ্রেস। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে বিধানভবন থেকে কলেজ স্ট্রিট পর্যন্ত মিছিলে উপস্থিত ছিলেন দলের একাধিক নেতা ও কর্মী সমর্থক। আজ প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন, মানুষের অধিকার রক্ষার জন্য লড়াই চললেও কেন্দ্রের ক্ষমতাসীন দল তা বানচাল করতে প্রয়াস চালাচ্ছে।

খিদিরপুর মোড়েও এক সভার আয়োজন করা হয়। বক্তব্য রাখেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

---------------------

নাম পরিবর্তন করে এদেশে অবৈধভাবে বসবাসের অভিযোগে এক বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে মালদার ইংরেজবাজার থানার পুলিশ। হৃদয় মিঞা নামে ঐ ব্যক্তি বাংলাদেশের নারায়ণগঞ্জের বাসিন্দা। মহদিপুর স্ট্যান্ড এলাকায় তাকে আটক করে

স্থানীয়রা পুলিশের হাতে তুলে দেয়। প্রায় ১০ বছর ধরে সে এদেশে বসবাস করছিল বলে জিজ্ঞাসাবাদের সময় ঐ ব্যক্তি স্বীকার করেছে।

বাংলাদেশে পাসপোর্ট সহ এক ভারতীয় মহিলাকে গ্রেপ্তার করেছে উত্তর ২৪ পরগণার পেট্রাপোল থানার পুলিশ। ধৃত লিপিকা মন্ডল বনগাঁর জয়পুর এলাকার বাসিন্দা বলে জানা গেছে। গতকাল বিকেলে ভারত থেকে বাংলাদেশে যাওয়ার সময় বিএসএফ তাকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়।

--------------------

সংস্কারের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আগামীকাল আরও এক দফায় বন্ধ থাকছে। সাঁতরাগাছি রেল স্টেশনের কাছে কোনা এক্সপ্রেসওয়েতে রাস্তায় নতুন স্টিলের বিম প্রতিস্থাপন এবং সংস্কারের কাজের জন্য দ্বিতীয় হুগলি সেতুর ওপর দিয়ে আগামীকাল ভোর চারটে থেকে রাত সাড়ে নটা পর্যন্ত কোন যানবাহন চলাচল করবে না। কলকাতা পুলিশ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, এই সময়ে সব যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

উল্লেখ্য, মেরামতির কাজের জন্য গত রবিবারও বিদ্যাসাগর সেতু বন্ধ রাখা হয়েছিল।

--------------------

মিসলেনিয়াস সার্ভিস এর পরীক্ষার্থীদের সুবিধায় মেট্রো রেল কতৃপক্ষ ব্লু ও গ্রীন করিডরে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আগামীকাল ব্লু করিডরের দক্ষিণেশ্বর ও মহানায়ক উত্তম কুমারের মধ্যে সকাল সাতটা থেকে ট্রেন পরিষেবা শুরু হবে। ১৩০টির পরিবর্তে আপ ও ডাউনে এই লাইনে মোট ১৩৮ টি ট্রেন চলবে।

অন্যদিকে গ্রীন লাইনের হাওড়া ময়দান সেক্টর ফাইভ এর মধ্যে ১০৪ টি পরিবর্তে সকাল আটটা থেকে ১১২ টি ট্রেন চালানো হবে।

এদিকে শহীদ ক্ষুদিরাম স্টেশনে কাজের জন্য এই লাইনে উত্তম কুমার ও শহীদ ক্ষুদিরামের মধ্যে বিকেল চারটে পর্যন্ত কোন ট্রেন চলাচল করবে না।

---------------------

লাগাতার বৃষ্টির জেরে জলপাইগুড়ির ক্রান্তি ব্লকের বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতি দেখা দিয়েছে। জলবন্দী এলাকার প্রায় ৫০০ পরিবার। ক্রান্তি পঞ্চায়েত সমিতির সভাপতি এবং প্রশাসনিক কর্তা ব্যক্তিরা আজ সকালে বন্যা কবলিত বিভিন্ন এলাকা পরিদর্শনে যান। গ্রামের বেশ কয়েকটি ভেঙে যাওয়া মাটির রাস্তার পরিস্থিতি খতিয়ে দেখে যথোপযুক্ত বব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন তারা।

---------------------

অনুকুল আবহাওয়া এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় উত্তরবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। জলপাইগুড়ি জেলাতে কোথাও কোথাও অতি ভারী বৃষ্টি হতে পারে। দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার এবং কোচবিহার জেলায় রয়েছে হলুদ সর্তকতা। দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

---------------------

কালিম্পং-এ বৃষ্টির জেরে ধস নেমে সিকিমের সঙ্গে সংযোগকারী দশ নং জাতীয় সড়কে যান চলাচল আজ বেশ কিছু ক্ষণ বন্ধ ছিল। গতরাতে সেবক-বাগপুল ও

কালীঝোরার মাঝে পাহাড় থেকে একের পর এক পাথর গড়িয়ে পড়ে। আজ সন্ধ্যার দিকে রাস্তা খুলে দেওয়া হয়। শুরু হয়েছে গাড়ি চলাচল।

---------------------

নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ৫-২ গোলে পাঠচক্র কে হারিয়ে দিয়েছে। বিরতিতে মোহনবাগান ৩-১ গোলে এগিয়ে ছিল। মোহনবাগানের করণ রাই হ্যাটট্রিক করেছেন।

---------------------

কলকাতায় আজ এক অনুষ্ঠানে সিএবির পক্ষ থেকে অরূপ ভট্টাচার্য ও শ্যামা শা কে জীবনকৃতি পুরস্কার প্রদান করা হয়। তাদের হাতে সিএবির ব্লেজার ও দু লক্ষ্য টাকা তুলে দেওয়া হয়। এবার সুদীপ ঘরামী পেয়েছেন বর্ষসেরা ক্রিকেটারের সম্মান। জেন্টলম্যান ক্রিকেটার অফ দি ইয়ার এর পুরস্কার পেয়েছেন শাহবাজ আহামেদ। সায়ন ঘোষ সেরা ফাস্ট বোলারের পুরস্কার পান। সেরা মহিলা ক্রিকেটারের পুরস্কার পেয়েছেন তনুশ্রী সরকার।

--------------------- ---------------------